



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮-০৪

তারিখ: ০৭.০১.১৯ খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৯২৮/২০১১ (কনটেন্ট পিটিশন নং-৩৭/২০১৭ ও আপীল নং-১৭১৫/২০১৪) মামলায় ১৫.০৫.২০১৪ খ্রি: তারিখের নির্দেশনা অনুযায়ী গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরার ঘাট এম ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার শিক্ষক কর্মচারীগণের বেতন বিলে স্বাক্ষরকরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (আইন শাখা-০১) এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.১৯২.১৮-৪১৬
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬০.১৮-৩৫৯
(৩) উপজেলা নির্বাহী অফিসার সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর আবেদন
(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (আইন শাখা-০১) এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.১৯২.১৮-৫১৮

তারিখ: ৩১/১০/২০১৮ খ্রি:।
তারিখ: ২৬/১১/২০১৮ খ্রি:।
তারিখ: ১৩/১২/২০১৮ খ্রি:।
তারিখ: ১৮/১২/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরার ঘাট এম ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার শিক্ষক/কর্মচারীগণের সরকারি বেতন ভাতাদির বিলে অধ্যক্ষ স্বাক্ষর করতে পারবেন কিনা এ বিষয়ে আইনগত মতামত জানতে চেয়ে সূত্রে বর্ণিত ০৩ নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করা হয়েছে।

০২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মর্মমতে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৯২৮/২০১১ মামলায় (মাননীয় আপীল বিভাগে দায়েরকৃত আপীল নং-১৭১৫/২০১৪ খারিজ হওয়ায়) গত ১৫.০৫.২০১৪ খ্রি. তারিখে প্রদত্ত রায়/ আদেশের আলোকে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরার ঘাট এম ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমান মিয়া (ইনডেক্স নং-০৮৭৪৭২) এর অনুকূলে বেতন ভাতাদির সরকারি অংশ চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা দেয়া হলে সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক উক্ত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়।

০৩. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে বর্ণিত ০৪ নং স্মারকের মর্মমতে জানা যায় যে, বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীগণের সরকারি বেতন ভাতাদির বিলে (এমপিও) প্রতিস্বাক্ষর করার জন্য স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা দেয়া হয়।

০৪. এমতাবস্থায় গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরার ঘাট এম ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতাদির বিলে অধ্যক্ষের স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর প্রতিস্বাক্ষরে উত্তোলন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে নতুন কমিটি গঠনের সাথে সাথে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বেতন বিলে প্রতিস্বাক্ষর করার বিধি মোতাবেক কোন সুযোগ থাকবে না।

উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

N^o ০৭.০৭.১৭
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা।
০৪. অধ্যক্ষ, জনাব মো: আজিজুর রহমান, ভুরার ঘাট এম ইউ বহুমুখী ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা, উপজেলা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা।
০৫. অফিস কপি।